

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয় : ঘূর্ণিঝড় “মোরা”এর আঘাতে বিজিবি’র চট্টগ্রাম রিজিয়নের দায়িত্বপূর্ণ সেক্টর/ব্যটালিয়ন/বিওপি/সিআইও ক্যাম্পগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ইউনিট সমূহের স্থাপনাগুলো জরুরী ভিত্তিতে মেরামত/নির্মাণ/সংস্কার করা, গোয়েন্দা কার্যবলী’ খাতে অর্থ বরাদ্দ এবং বুলেট প্রুফ জ্যাকেট ক্রয়ের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে চাহিদা পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ।
স্থান : অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), মহোদয়ের অফিস সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ০৪/০১/২০১৮, সকাল .০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগ এর আওতায় বর্ডার গার্ড বাংলাদেশ এর অনুকূলে ঘূর্ণিঝড় “মোরা”এর আঘাতে বিজিবি’র চট্টগ্রাম রিজিয়নের দায়িত্বপূর্ণ সেক্টর/ব্যটালিয়ন/বিওপি/সিআইও ক্যাম্পগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ইউনিট সমূহের স্থাপনাগুলো জরুরী ভিত্তিতে মেরামত/নির্মাণ/সংস্কার করা, গোয়েন্দা কার্যবলী’ খাতে অর্থ বরাদ্দ এবং বুলেট প্রুফ জ্যাকেট ক্রয়ের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে আলোচ্য বিষয়বস্তুসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি মেজর জনাব শাফি উল্লাহ বুলবুল জানান যে, গত ৩০/০৫/২০১৭ তারিখে ঘূর্ণিঝড় “মোরা”এর আঘাতে বিজিবি’র চট্টগ্রাম রিজিয়নের দায়িত্বপূর্ণ সেক্টর/ব্যটালিয়ন/বিওপি/সিআইও ক্যাম্পগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত ক্ষতিগ্রস্ত ইউনিট সমূহের স্থাপনাগুলো জরুরী ভিত্তিতে মেরামত/নির্মাণ/সংস্কার করার জন্য মোট ৯,৭৪,৯৮,৪৫০/- (নয় কোটি চুয়াত্তর লক্ষ আটনব্বই হাজার চারশত পঞ্চাশ টাকা মাত্র) বরাদ্দের জন্য অনুরোধ করা হয়। তিনি আরও উল্লেখ করেন বর্ডার গার্ড বাংলাদেশের চট্টগ্রাম রিজিয়নের প্রত্যন্ত অঞ্চলের স্থাপনাসমূহের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এ সব স্থাপনা আগে থেকেই নাজুক অবস্থায় রয়েছিল। এখানে অর্থ বরাদ্দ করা হলে সেন্টারসমূহ কিছু টাকা পাবে যা দিয়ে বিদ্যমান অবকাঠামো সংরক্ষণ ও উন্নয়ন করা যাবে। এটি অতিরিক্তপূর্ণ তাই এখানে অর্থ বরাদ্দ অত্যন্ত জরুরী।

০৪। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি জনাব আব্দুল্লাহ আল মঈন, অতিরিক্ত পরিচালক জানান যে, বর্ডার গার্ড বাংলাদেশ এর অনুকূলে চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে ‘৩-২২৩১-০০০১-৪৮৩৮ গোয়েন্দা কার্যবলী’ খাতে ১১,০০,০০,০০০/- (এগার কোটি) টাকা বরাদ্দ করা হয়েছে। গোয়েন্দা কার্যবলীর বর্তমান ধরণ ও বিজিবির বর্ডার এলাকার সন্ত্রাস দমন, চোরাচালান ও নির্ধারিত দায়িত্ব পালন করতে হলে অবশ্যই বরাদ্দ বাড়াতে হবে। চাহিত অর্থ বিবেচনাপূর্বক যথার্থতা যাচাই করে দেয়া হয়েছে। তাছাড়া, রোহিঙ্গা সমস্যার কারণেও গোয়েন্দা কার্যবলী জোরদার করা প্রয়োজন হচ্ছে। বিজিবি তার সীমান্ত এলাকা হতে ৮ কি:মি: ভিতর পর্যন্ত তার দায়িত্বপূর্ণ এলাকা। সন্ত্রাস দমনে কার্যকর ভূমিকা রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে দায়িত্ব অর্পন করা হয়েছে বিধায় গোয়েন্দা কার্যক্রম জোরদার করা হয়েছে। তাই বর্তমান বাজেটে অর্থ সংকুলান হচ্ছে না। তাই যৌক্তিকতা যাচাইপূর্বক অতিরিক্ত ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ টাকা মাত্র) চাহিদা প্রেরণ করা হয়েছে।

০৫। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি মেজর জনাব শাফি উল্লাহ বুলবুল জানান যে, বর্ডার গার্ড বাংলাদেশ এর আসন্ন ১১তম জাতীয় সংসদ নির্বাচনের স্ট্রাইকিং ফোর্স হিসাবে সারাদেশে বিজিবি মোতায়েন করা হবে। নির্বাচনী কর্তব্য পালনের সময় বিজিবি সদস্যগণকে নিরাপত্তাজনিত কারণে বুলেট প্রুফ জ্যাকেট পরিধান করতে হয়। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে কর্তব্য পালনের জন্য বিজিবি সৈনিকদের জন্য প্রাধিকার অনুযায়ী ১৩,৪৬৭ টি বুলেট প্রুফ জ্যাকেট ক্রয়ের জন্য মূল বাজেটে ১১,৮১,৫০,০০০/- (এগার কোটি একাশি লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) বরাদ্দের অতিরিক্ত আরও চলতি ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেট কোড নং ৪৮৫৩ বুলেট প্রুফ জ্যাকেট ক্রয় খাতে বুলেট প্রুফ জ্যাকেট ক্রয়ের জন্য ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা বিজিবির অনুকূলে বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে। বিষয়টি অত্যাাবশ্যক ও নির্বাচনী অধিকার হিসেবে বিবেচ্য।

চলামন পাতা-২



